

৪৯

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 23 MAY 1997

পৃষ্ঠা ৩ কলাম ৫

ঢাকা বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় শিফট চালু করা হইতে পারে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে আরও অধিক ছাত্র-ছাত্রীকে লেখাপড়ার সুযোগ দানের (শেষ পৃ: ৫-এর ক: ৮:)

দ্বিতীয় শিফট

(১ম পৃ: পর)

লক্ষ্যে চলতি শিক্ষাবর্ষ হইতে দ্বিতীয় শিফট চালু করা হইতে পারে। আগামীকাল (শনিবার) বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভায় এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য আলোচনা করা হইবে। দ্বিতীয় শিফট চালু হইলে বর্তমান বিশ্ববিদ্যালয়ে অনার্স শ্রেণীতে নির্ধারিত ৪ হাজার আসনের বাহিরে অপেক্ষমান তালিকা হইতে অতিরিক্ত ছাত্র-ছাত্রী ভর্তি করা সম্ভব হইবে।

গত মঙ্গলবার 'বোর্ড অব এডভান্স টাডিজ' এর এক সভায় কয়েকজন শিক্ষক থাইল্যান্ড, পাকিস্তানসহ বিশ্বের বিভিন্ন দেশের দৃষ্টান্ত উপস্থাপন করিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়েও দ্বিতীয় শিফট চালুর বিষয়ে সুপারিশ পেশ করেন। দ্বিতীয় শিফট চালু হইলে এই শিফটের ছাত্র-ছাত্রীরা আবাসিক কিংবা পরিবহন সুবিধা পাইবে না। দ্বিতীয় শিফটের ছাত্র-ছাত্রীদের নিকট হইতে অতিরিক্ত বেতন নেওয়া হইবে। ইহার জন্য শিক্ষকরা অতিরিক্ত পরিশ্রমিক পাইবেন।

জানা গিয়াছে, বর্তমানে বিজ্ঞান অনুষদসহ কয়েকটি অনুষদের অনেক বিভাগে দুই ব্যাচে ছাত্র-ছাত্রীদের পড়ান হইতেছে। ইহাছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রিলিমিনারী শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া বন্ধ হওয়ার কারণে মাষ্টার্সে ছাত্র-ছাত্রীদের চাপ অনেক হ্রাস পাইয়াছে। ফলে দ্বিতীয় শিফট চালু হইলে নূতন শিক্ষক নিয়োগেরও প্রয়োজনীয়তা দেখা দিবে না। এদিকে চারতলা বিশিষ্ট বিজনেস টাডিজ ভবন নির্মিত হওয়ার ফলে ক্লাস সংকটেরও কিছুটা সুরাহা হইবে। আগামী সপ্তাহের মধ্যে ভবনটি উদ্বোধন করা হইবে।

গতকাল বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এ. কে. আজাদ চৌধুরী দ্বিতীয় শিফট চালুর বিষয়ে আগ্রহ প্রকাশ করিয়া বলেন, সকলের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করিব। আমার একার পক্ষে সবকিছু করা সম্ভব নয়।